



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৩২৭/ক/অনু:/২০১৩/১৪৫৭

তারিখ: ২৮/০৭/২০২৫

বিষয়: উচ্চমাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।


সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৪.২১.১৬৬, তারিখ: ০৮/০৭/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর গুলশান থানাধীন “বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ”-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে ‘ইসলাম শিক্ষা’, ‘সমাজকর্ম’, ‘অর্থনীতি’ ও ‘ভূগোল’ বিষয়সমূহ খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্ত সমূহঃ

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ) কর্তৃক শিক্ষক নিয়োগের সুপারিশ ব্যতীত বর্ষিত শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক নিয়োগ করা যাবে না;
- ৩) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর মো: রিজাউল হক
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল : ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ (EIN-108016)

গুলশান, ঢাকা।

মেমো নং- ১৪৫৭(৫)

তারিখ: ২৮/০৭/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।



কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।